

বলিউডে এসেই ঝড় তোলা কে এই শানায়া কাপুর -পৃষ্ঠা-৩

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-১৮৪ ঃ মেহেরপুর- সোমবার ১৪ জুলাই ২০২৫ ইং ঃ ৩০ আষাঢ় ১৪৩২ বাংলা ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
কৃষ্ণ অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর




### ১৪ জুলাই : দাবি আদায়ে রাষ্ট্রপতি বরাবর স্মারকলিপি প্রদান, ২৪ ঘণ্টার আল্টিমেটাম

নিজস্ব প্রতিবেদক

সরকারি চাকরিতে কোটা ব্যবস্থা বাতিলের দাবিতে ২০২৪ সালের ১৪ জুলাই (রোববার) শিক্ষার্থীরা পুলিশের ব্যারিকেড ভেঙে বঙ্গভবনে গিয়ে রাষ্ট্রপতি বরাবর স্মারকলিপি প্রদান করেন। স্মারকলিপিতে তারা আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলার প্রতিবাদ, শিক্ষার্থীদের বিরুদ্ধে মামলা তুলে নেওয়া ও কোটা সংস্কারের একদফা বাস্তবায়নের দাবি জানান।
এদিন সারাদেশে জেলা শহরগুলোতে বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা পদযাত্রা সহকারে জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে স্মারকলিপি প্রদান করেন।
আগের দিন বৈষম্যববিরোধী ছাত্র আন্দোলন রোববার কেন্দ্রীয়ভাবে বঙ্গভবন অভিমুখে পদযাত্রা করে রাষ্ট্রপতি বরাবর স্মারকলিপি

২-এর পৃষ্ঠা দেখুন

## ছয়শ বিঘা ফসলের মৃত্যুর দায় কে নেবে?

# কালভার্ট বন্ধের পেছনে আওয়ামী লীগ নেতার হাত



নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগর উপজেলার গৌরিনগর ও আলগা এলাকায় ছয়শ বিঘা ফসলি জমি বর্তমানে পানির নিচে তলিয়ে রয়েছে। স্থানীয় কৃষকরা অভিযোগ করছেন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ ও তার ভাই আব্দুস সালাম মাছ চাষের জন্য একমাত্র পানি নিষ্কাশনের কালভার্টটি মাটি দিয়ে ভরাট করে দিয়ায় এ জলাবদ্ধতার সৃষ্টি হয়েছে।
গত চার দিন ধরে চলমান জলাবদ্ধতায় ফসলের ব্যাপক ক্ষতি হচ্ছে। ধানসহ অন্যান্য ফসল ডুবে যাওয়ায় কৃষকদের মধ্যে ক্ষোভ ও হতাশার স্রোত বয়ে চলেছে। পাটগাছে গোড়াপচা রোগ ছড়িয়ে পড়ার আশঙ্কাও বাড়ছে। কুতুবদ্দিন মন্ডল নামে একজন ক্ষতিগ্রস্ত কৃষক বলেন, "চার বছর আগে নেতাদের পুকুর কাটার সময়

২-এর পৃষ্ঠা দেখুন



## দর্শনার্থীশূন্য মুজিবনগর বিপাকে শতাধিক ব্যবসায়ী

মুজিবনগর প্রতিনিধি

গত ৫ ই আগস্টের আন্দোলন ও চলমান নিরাপত্তা পরিস্থিতির প্রভাব পড়েছে ঐতিহাসিক মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে। দীর্ঘদিন ধরে দর্শনার্থী না থাকায় ফাঁকা পড়ে আছে পর্যটনকেন্দ্রটি। এতে করে আর্থিক ক্ষতির মুখে পড়েছেন কমপ্লেক্স ঘিরে গড়ে ওঠা শতাধিক দোকানি ও ক্ষুদ্র ব্যবসায়ী।
সাধারণ সময়ে প্রতিদিনই দেশের নানা প্রান্ত থেকে অর্ধশতাধিক বাস, মাইক্রোবাস ও প্রাইভেটকারে হাজারো দর্শনার্থী মুজিবনগরে আসতেন। বর্তমানে সেই দৃশ্য নেই বললেই চলে। দোকানগুলোতে বেচাকেনা নেই, দিনভর ক্রেতার জন্য অপেক্ষা করেও ফিরে যাচ্ছেন ব্যবসায়ীরা।
স্থানীয় ব্যবসায়ীরা বলছেন, মুজিবনগর শুধু ইতিহাস নয়, তাদের জীবিকারও উৎস। দ্রুত পরিস্থিতি স্বাভাবিক করে কমপ্লেক্স উন্মুক্ত করে দেওয়ার দাবি জানিয়েছেন তারা। আম্রকানন এলাকার ব্যবসায়ী মেহেদি হাসান ইসলাম জানান, বাহারি পণ্যের প্রায় ৭০টি দোকান

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুর জেলা প্রশাসকের সভা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে তিনটি গুরুত্ব পূর্ণ মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার (১৩ জুলাই) সকালে প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভাগুলি অনুষ্ঠিত হয়। মাসিক সভা গুলি হলো জেলার আইন-শৃঙ্খলা কমিটির সভা, জেলা চোরাচালান প্রতিরোধ কমিটির সভা ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ কমিটির সভা। এ সভা

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে পরীক্ষার কক্ষে মোবাইলে কথা বলায় কক্ষ পরিদর্শককে অব্যাহতি

মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুরের গাংনী মহিলা ডিগ্রী কলেজ কেন্দ্রে এইচএসসি পরীক্ষার সময় মোবাইল ফোনে কথা বলায় এক শিক্ষককে কক্ষ পরিদর্শকের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।
গতকাল রবিবার (১৩ জুলাই) পরীক্ষাকালীন সময় এ ঘটনা ঘটে। উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সাদ্দাম হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার শিক্ষক ও শিক্ষার্থী উভয়ের জন্যই কঠোরভাবে নিষিদ্ধ। গাংনী মহিলা ডিগ্রী

২-এর পৃষ্ঠা দেখুন



## ড্রেজার দিয়ে বালু উত্তোলন: গাংনীতে ৫০ হাজার টাকা জরিমানা

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলায় ড্রেজার মেশিন দিয়ে অবৈধভাবে বালু উত্তোলনের অভিযোগে এক ব্যক্তিকে মোবাইল কোর্টের মাধ্যমে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।
গতকাল রবিবার (১৩ জুলাই) বিকেল সাড়ে ৪টার দিকে উপজেলার গোপালনগর গ্রামে এ অভিযান পরিচালনা করেন গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সাদ্দাম হোসেন।

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে চারটি স্যালো মেশিন চুরি, সেচ ব্যবস্থা বিপর্যস্ত

গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উপজেলার বরিংগাড়ী মাঠ থেকে গত শনিবার দিবাগত রাতে অজ্ঞাতপরিচয় চোরেরা চারটি স্যালো মেশিন চুরি করে নিয়ে গেছে। এ ঘটনায় স্থানীয় কৃষকরা চরম উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করেছেন, কারণ এসব মেশিন ব্যবহার করে প্রায় একশ বিঘা আবাদি জমিতে সেচ দেওয়া হয়। চুরি হওয়া মেশিনগুলো মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের হাসান আলী ও শহিদুল ইসলাম, গাংনী উপজেলার জুগিন্দা গ্রামের হারুন অর রশীদ এবং আযান

২-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে সাউন্ড-লাইট ও ফুল ব্যবসায়ীদের বার্ষিক মিলন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা ডেকোরেটর, সাউন্ড, লাইট ও ফুল ব্যবসায়ী সমিতির বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার (১৩ জুলাই) বিকেলে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে এ সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন সমিতির উপদেষ্টা গোলাম মোস্তফা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা সমিতির সভাপতি

২-এর পৃষ্ঠা দেখুন




## বিএনপি নেতা ইন্সারুল হকের মাগফিরাত কামনায় দোয়া

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা বিএনপির সদস্য ইন্সারুল হক ইন্সুর রূহের মাগফিরাত কামনায় গাংনীতে এক দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেলে গাংনী বাসস্ট্যান্ডে জেলা বিএনপি ও স্থানীয় নেতাকর্মীদের উদ্যোগে এ আয়োজন করা হয়।
দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর

২-এর পৃষ্ঠা দেখুন

## নিখোঁজের পর নদীতে নারীর মরদেহ

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার দৌলদিয়াড় এলাকায় মাথাভাঙ্গা নদী থেকে মেমজান বেগম (৪০) নামের এক নারীর মরদেহ উদ্ধার করেছে স্থানীয়রা। নিখোঁজ হওয়ার কয়েক ঘণ্টা পর শনিবার (১২ জুলাই) রাত সাড়ে ৯টার দিকে নদীতে তার মরদেহ ভেসে উঠলে এলাকাবাসী উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে যায়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।
চিকিৎসকরা জানান, মরদেহের মাথা, মুখমণ্ডলসহ শরীরের বিভিন্ন স্থানে একাধিক আঘাতের চিহ্ন পাওয়া গেছে। তবে মৃত্যুর প্রকৃত কারণ জানতে মরদেহ মর্গে রাখা হয়েছে এবং ময়নাতদন্তের জন্য প্রস্তুতি নেওয়া হচ্ছে। নিহত

২-এর পৃষ্ঠা দেখুন



## কুষ্টিয়া পৌরসভার গেটে পরিচ্ছন্নতা কর্মীদের কর্মবিরতি

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়া পৌরসভার পরিচ্ছন্নতা কর্মীরা বেতন-ভাতা বৃদ্ধিসহ তিন দফা দাবিতে রবিবার (১৩ জুলাই) সকাল সাড়ে ১০ টার দিকে পৌরসভার গেটে ময়লা ফেলে কর্মবিরতি পালন করেন। তারা দাবি আদায়ে বিভিন্ন স্লোগান প্রদান করেন। পরে পৌরসভার কর্তৃপক্ষের আশ্বাসে কর্মবিরতি স্থগিত করা হয়।
আন্দোলনকারী পরিচ্ছন্নতা কর্মীরা জানান, কুষ্টিয়া পৌরসভায় প্রায় ৪৮০ জন পরিচ্ছন্নতা কর্মী রয়েছেন। একজন দিনমজুর ৫০০ টাকা

২-এর পৃষ্ঠা দেখুন

## চুয়াডাঙ্গা সীমান্তে ৩ বাংলাদেশিকে হস্তান্তর

চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার বেনিপুর সীমান্তে পতাকা বৈঠকের মাধ্যমে তিন বাংলাদেশিকে বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) কাছে হস্তান্তর করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী বিএসএফ।
হস্তান্তরকৃতরা হলেনড়গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়া উপজেলার গুয়াধানা গ্রামের সুনীল শিকদারের ছেলে সুমন শিকদার (২৬), গোপালগঞ্জ সদর উপজেলার ডোমরাশুর গ্রামের নৃপেন বিশ্বাসের ছেলে অনিক বিশ্বাস (৩৭) এবং সাতক্ষীরার কলারোয়া উপজেলার সিংহলাল গ্রামের আনসার মোড়লের মেয়ে নাসিমা বেগম (৩৮)। পুলিশ ও বিজিবি সূত্রে জানা গেছে, এক

২-এর পৃষ্ঠা দেখুন




## ঝিনাইদহে নব-গঠিত জেলা পূজা উদযাপন ফ্রন্টের মতবিনিময় সভা

ঝিনাইদহ প্রতিনিধি

ঝিনাইদহে নব-গঠিত জেলা পূজা উদযাপন ফ্রন্টের আয়োজনে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার (১২জুলাই) সন্ধ্যায় শহরের ফুড সাফারি রেস্টুরেন্ট হলরুমে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা পূজা উদযাপন ফ্রন্টের আহবায়ক মিলন কুমার ঘোষ। তিনি বলেন, আওয়ামী লীগ আমলে হিন্দুরের ওপর বেশি অত্যাচার, নির্যাতন করা হয়েছে। আওয়ামী লীগ তাদের নিজেদের স্বার্থ সিদ্ধির জন্য হিন্দু সম্প্রদায়ের

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

(খবরঃ মেহেরপুর সদর থানা বিএনপি কাউন্সিল ঘিরে উত্তেজনা)

গণতন্ত্রের গলা ফাটালাম
সতের বছর ধরে
জলা যানের কাটা ঘায়ে
নুনের ছিটা দিয়ে।
সভাপতি হতে খায়েস
ভোট না করে দলে
অন্যরা সব বলছে এখন
তলে তলে এই ছিল তোর মনে ।
আরেক দল দেখছে শুধু
দেখছে ওদের মজা
ত্যাগী নেতা বাদ দিয়ে
কমিটি করা কি এতই সোজা।



## নির্বাচন কমিশন পুনর্গঠনের দাবি এনসিপির

সূর্যোদয় প্রতিবেদন

বর্তমান নির্বাচন কমিশনের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুলে কমিশন পুনর্গঠনের দাবি জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী। রোববার (১৩ জুলাই) সকালে প্রধান

২-এর পৃষ্ঠা দেখুন



## এ সপ্তাহেই বড় ধরনের অগ্রগতি ঘটাতে চায় কমিশন- ডঃ আলী রীয়াজ

সূর্যোদয় প্রতিবেদন

চলমান রাজনৈতিক সংলাপকে সামনে রেখে জাতীয় ঐকমত্য কমিশনের সহ-সভাপতি ড. আলী রীয়াজ জানিয়েছেন, এ সপ্তাহেই বড় ধরনের অগ্রগতি ঘটাতে চায় কমিশন। তিনি বলেন, সংলাপের

২-এর পৃষ্ঠা দেখুন

## আজ থেকে সারাদেশে 'চিরুনি অভিযান' - স্বরাষ্ট্র উপদেষ্টা

সূর্যোদয় প্রতিবেদন

স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অবঃ) মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী রোববার (১৩ জুলাই) জানিয়েছেন, আজ থেকেই সারাদেশে অপরাধী ও সন্ত্রাসীদের ধরতে বিশেষ 'চিরুনি অভিযান' পরিচালনা শুরু হবে। সচিবালয়ে আইনশৃঙ্খলা সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন তিনি। তিনি বলেন, বর্তমানে খুন, চুরি, ডাকাতি, চাঁদাবাজি, ছিনতাই, সন্ত্রাস, অপহরণ, নারী নির্যাতন, মাদক চোরাচালানসহ সকল ধরনের অপরাধের বিরুদ্ধে আইনশৃঙ্খলা

২-এর পৃষ্ঠা দেখুন



## জরুরি অবস্থা জারিতে বিরোধী দলের মতামত নেওয়া উচিত- জামায়াত

সূর্যোদয় প্রতিবেদন

রোববার (১৩ জুলাই) রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে জাতীয় ঐকমত্য কমিশনের দ্বিতীয় পর্যায়ের ১২তম দিনের সংলাপের বিরতিতে জামায়াতে ইসলামীর নায়েবে আমির ডাঃ সৈয়দ আব্দুল্লাহ মোঃ তাহের সাংবাদিকদের জানান, জরুরি অবস্থা জারি করার ক্ষেত্রে


২-এর পৃষ্ঠা দেখুন

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ সোমবার ॥ ৩০ আষাঢ় ১৪৩২ বাংলা ॥ ১৪ জুলাই ২০২৫ইং

# এসএসসিতে জেলায় প্রথম রাফিয়া গাংনীতে হৃদি




রাফিয়া ইসলাম মিথি উম্মে জুমাইল জান্নাত হৃদি

মেহেরপুর প্রতিনিধি

এসএসসি পরীক্ষায় মেহেরপুর জেলায় সর্বোচ্চ নম্বর পেয়ে প্রথম স্থান অর্জন করেছে রাফিয়া ইসলাম মিথি। সে পেয়েছে জিপিএ-৫ এবং মোট ১২৪৭ নম্বর পেয়েছে। রাফিয়া মেহেরপুর জিনিয়াস ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজের বিজ্ঞান বিভাগের ছাত্রী। মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের বাসিন্দা নুরুল ইসলাম ও গৃহিণী মোসাম্মৎ ফারহানার জ্যেষ্ঠ কন্যা মিথি ছোটবেলা থেকেই পড়াশোনায় মনোযোগী ও দৃঢ়প্রতিজ্ঞ। বিদ্যালয়ের শিক্ষকরা জানান, ক্লাসে তার উপস্থিতি, মনোযোগ ও আগ্রহ ছিল অনুকরণীয়। নিজের সাফল্য সম্পর্কে প্রতিক্রিয়ায় মিথি বলে, "এই অর্জনের পেছনে সবচেয়ে বড় অবদান আমার মা-বাবা ও শিক্ষকদের। তাঁরা সবসময় অনুপ্রেরণা দিয়েছেন, পাশে থেকেছেন। আমি তাদের প্রতি কৃতজ্ঞ।"
ভবিষ্যৎ পরিকল্পনার কথা জানিয়ে মিথি জানায়, সে একজন চিকিৎসক হতে চায়। "আমি মানুষের সেবা করতে চাই। দেশের প্রত্যন্ত অঞ্চলের মানুষের পাশে দাঁড়াতে চাই," বলে সে। মেহেরপুর জিনিয়াস ল্যাবরেটরি স্কুল অ্যান্ড কলেজ কর্তৃপক্ষ মিথির এই অসাধারণ সাফল্যে

৩-এর পৃষ্ঠা দেখুন



## শ্বাসকষ্ট: ফুসফুসের সমস্যা, নাকি হার্টের?

সূর্যোদয় প্রতিবেদন

শ্বাসকষ্ট একটি পরিচিত শারীরিক সমস্যা হলেও এর পেছনে লুকিয়ে থাকতে পারে জটিল ফুসফুসজনিত কিংবা হৃদরোগ। চিকিৎসকরা বলছেন, শ্বাসকষ্ট হলে কেবল বক্ষব্যাধি নয়, হৃদরোগ বিশেষজ্ঞের পরামর্শ নেওয়ারও প্রয়োজন হতে পারে। কারণ অনেক সময় শ্বাসকষ্টের মূল সমস্যা লুকিয়ে থাকে হৃদযন্ত্রে। বিশেষজ্ঞদের মতে, শ্বাসকষ্টের সবচেয়ে সাধারণ কারণ ফুসফুসের বায়ুনালির সংকোচন, যাকে চিকিৎসা বিজ্ঞানের ভাষায় বলা হয় অ্যাজমা। এটি শিশুদের মধ্যে বেশি দেখা যায় এবং বংশগত বা অ্যালার্জির প্রভাবেও হতে পারে। এছাড়া দীর্ঘমেয়াদে ধূমপান বা বায়ু দূষণের কারণে সিওপিডি বা ক্রনিক ব্রঙ্কাইটিস রোগে আক্রান্ত ব্যক্তিরাও শ্বাসকষ্টে ভোগেন। এসব ক্ষেত্রে অনেক সময় কাশি, জ্বর ও শ্বাসে ঘড়ঘড় শব্দ থাকে। অপরদিকে হৃদরোগজনিত কারণেও তীব্র শ্বাসকষ্ট দেখা দিতে পারে। হার্ট দুর্বল হয়ে পড়লে প্রয়োজনীয় রক্ত ফুসফুসে পাঠাতে ব্যর্থ হয়, ফলে ফুসফুসে রক্ত জমে যায় এবং শরীরে অক্সিজেনের ঘাটতি দেখা দেয়। বিশেষ করে উচ্চ রক্তচাপ বা হার্ট ব্লকজনিত সমস্যায় ফুসফুসে রক্ত সঞ্চালনের ভারসাম্য নষ্ট হয়ে এ ধরনের শ্বাসকষ্ট দেখা দেয়। চিকিৎসকদের পর্যবেক্ষণ বলছে, ফুসফুসজনিত

৩-এর পৃষ্ঠা দেখুন



## মিটফোর্ড হাসপাতাল 'শাটডাউন' ঘোষণা

সূর্যোদয় প্রতিবেদন

রাজধানীর স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ (মিটফোর্ড) হাসপাতালে নিরাপত্তাহীনতার প্রতিবাদে কলেজের একাডেমিক কার্যক্রম বন্ধ ঘোষণা করেছে শিক্ষার্থীরা। রবিবার (১৩ জুলাই) দুপুরে কলেজ চত্বরে আয়োজিত এক বিক্ষোভ মিছিল থেকে তারা এ ঘোষণা দেন। শিক্ষার্থীরা জানান, হাসপাতাল ও কলেজ এলাকায় বহিরাগতদের

৩-এর পৃষ্ঠা দেখুন

## বিএনপির সঙ্গে আসন সমঝোতা চায় বাম দলগুলো

সূর্যোদয় প্রতিবেদন

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে দেশের রাজনৈতিক অঙ্গনে নতুন করে তৎপরতা শুরু হয়েছে। নির্বাচন কমিশন এখনো নির্বাচনের তারিখ আনুষ্ঠানিকভাবে ঘোষণা না করলেও সম্ভাব্য সময় ধরে আগামী বছরের ফেব্রুয়ারিকে লক্ষ্য করে প্রস্তুতি নিচ্ছে রাজনৈতিক দলগুলো। এরই মধ্যে যুগপৎ আন্দোলনে বিএনপির ঘনিষ্ঠ মিত্র হিসেবে পরিচিত বাম ও বিকল্প রাজনৈতিক শক্তিগুলো নির্বাচন নিয়ে নিজেদের অবস্থান পরিষ্কার করতে শুরু করেছে। এসব দল বিএনপির সঙ্গে আসনভিত্তিক সমঝোতা চায় বলে জানা গেছে। বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম বলেন, "বিএনপির সঙ্গে আসন নিয়ে এখনো কোনো চূড়ান্ত কথা হয়নি। তবে আমরা দীর্ঘদিন ধরে যুগপৎ আন্দোলনে ছিলাম। সে সম্পর্ক ও আস্থার ভিত্তিতে আলোচনা চলছে। আমরা বিশ্বাস করি, এই সম্পর্ক নির্বাচনী সমঝোতার দিকেও যাবে। পরিষ্কার বার্তা পেতে আরও কিছুদিন সময় লাগবে।" বিএনপির ঘনিষ্ঠ একাধিক সূত্র জানিয়েছে, পরীক্ষিত রাজনৈতিক বন্ধুদের সঙ্গেই নির্বাচনের বৈতরণী পার হতে চায় দলটি। এ লক্ষ্যে ঢাকাসহ দেশের বিভিন্ন আসনে কিছু আসন ছাড়ার বিষয়েও ইতোমধ্যে আলোচনা শুরু হয়েছে। এমনকি নির্দিষ্ট কয়েকটি আসনের জন্য সম্ভাব্য প্রার্থীর নামও আলোচনায় এসেছে। জানা গেছে, আলোচনায় থাকা আসনগুলোর মধ্যে রয়েছে লক্ষ্মীপুর-৪ আসনে আ স ম আবদুর রব (জেএসডি) বগুড়া-২ আসনে মাহমুদুর রহমান মান্না (নাগরিক ঐক্য) ঢাকা-১২ আসনে জোনায়েদ সাকি (গণসংহতি আন্দোলন) পটুয়াখালী-৩ আসনে নুরুল হক নুর (গণঅধিকার পরিষদ) ঝিনাইদহ-২ আসনে রাশেদ খান কিশোরগঞ্জ-৫ আসনে সৈয়দ এহসানুল হুদা (জাতীয় দল)। প্রসঙ্গত, ২০১৪ সালের জাতীয় সংসদ নির্বাচন বর্জন করে বিএনপি ও তার মিত্ররা। ২০১৮ সালের একাদশ জাতীয় সংসদ নির্বাচনেও বিএনপি শরিকদের ৫৮টি আসন ছেড়ে দিয়েছিল।

৩-এর পৃষ্ঠা দেখুন

## সশস্ত্র বাহিনীর ম্যাজিস্ট্রেসি ক্ষমতার মেয়াদ বাড়লো আরও ২ মাস

সূর্যোদয় প্রতিবেদন

সারাদেশে আইন-শৃঙ্খলা রক্ষায় সহায়তার জন্য সশস্ত্র বাহিনীকে বিশেষ নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা প্রদান করে সরকারের দেওয়া আদেশের মেয়াদ আরও দুই মাস বাড়ানো হয়েছে। রোববার (১৩ জুলাই) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করা হয়। প্রজ্ঞাপনে বলা হয়েছে, বাংলাদেশ সশস্ত্র বাহিনীর ক্যাপ্টেন এবং এর উর্ধ্বতন পদমর্যাদার কমিশনপ্রাপ্ত কর্মকর্তা, যাঁরা সেনা, নৌ, বিমান বাহিনীর পাশাপাশি প্রেষণে নিয়োজিত কোস্টগার্ড ও বিজিবিতেও কর্মরত, তাঁদেরকে 'দ্য কোড অব ক্রিমিন্যাল

৩-এর পৃষ্ঠা দেখুন

## বাংলাদেশের সামনে ঘুরে দাঁড়ানোর চ্যালেঞ্জ

সূর্যোদয় প্রতিবেদন

টি-টোয়েন্টি সিরিজেও হতাশা দিয়ে শুরু করেছে বাংলাদেশ দল। প্রথম ম্যাচে হারের পর সিরিজ বাঁচাতে হলে দ্বিতীয় ম্যাচেই ঘুরে দাঁড়াতে হবে লিটন দাসদের। আগামীকাল (রোববার) ডাম্বুলার রাঙগিরি আন্তর্জাতিক ক্রিকেট স্টেডিয়ামে সিরিজের দ্বিতীয় ম্যাচে শ্রীলঙ্কার মুখোমুখি হবে বাংলাদেশ। সন্ধ্যা সাড়ে ৭টায় শুরু হওয়া ম্যাচটি সরাসরি সম্প্রচার করবে টি-স্পোর্টস। ডাম্বুলার এই মাঠে অতীতে ওয়ানডে ও টেস্ট খেললেও বাংলাদেশ এর আগে কখনো টি-টোয়েন্টি খেলেনি। তাই রাঙগিরিতে টাইগারদের টি-টোয়েন্টি অভিষেক হতে যাচ্ছে সিরিজ নির্ধারণী এক ম্যাচ দিয়ে। সিরিজে টিকে থাকতে হলে জয় ভিন্ন কোনও বিকল্প নেই। রাঙগিরি স্টেডিয়ামে টি-টোয়েন্টিতে সাধারণত রান কম হয়, স্কোর থাকে দেড়শর আশপাশে। তবে রাতের বেলা পিচ কিছুটা ব্যাটিং সহায়ক হয়ে ওঠে, ফলে টস হতে পারে গুরুত্বপূর্ণ। তবে মাঠের কন্ডিশনের চেয়েও বড় চ্যালেঞ্জ এখন বাংলাদেশের মানসিক প্রস্তুতি ও ক্রিকেটারদের আত্মবিশ্বাস। প্রথম ম্যাচে বাংলাদেশ ব্যাটিং ও বোলিং দুই বিভাগেই ছিল ছন্দহীন। ব্যাটাররা কেউই ইনিংস বড় করতে পারেননি, বোলারদের মধ্যে তেমন কোনো ত্রাসও ছিল না। সিরিজ বাঁচাতে হলে এই ম্যাচে দৃঢ় ও দায়িত্বশীল ক্রিকেট খেলতে হবে টাইগারদের। দলের স্পিন বোলিং

৩-এর পৃষ্ঠা দেখুন



## প্রতি ৩ দিনে রেকর্ড ভাঙছেন লিওনেল মেসি

সূর্যোদয় প্রতিবেদন

মেজর লিগ সকারে (এমএলএস) আবারও অবিশ্বাস্য ফর্মে ফিরেছেন লিওনেল মেসি। বার্সেলোনায় ২০১২ সালের সেই ঐতিহাসিক মৌসুমের পর এবার ইন্টার মায়ামির হয়ে নতুন করে লিখছেন সাফল্যের গল্প। একের পর এক ম্যাচে জোড়া গোল করে রেকর্ডের বই নতুন করে সাজাচ্ছেন এই আর্জেন্টাইন মহাতারকা। সর্বশেষ পাঁচ ম্যাচে মেসি করেছেন ১০ গোল, সঙ্গে ৪টি অ্যাসিস্ট। তার দাপটে প্রতিটি ম্যাচেই জয় পেয়েছে ইন্টার মায়ামি। এই ধারাবাহিকতায় মেসি মন্ট্রিয়ল, কলম্বাস ক্রু, নিউ ইংল্যান্ড রেভল্যুশন, ন্যাশভিল প্রত্যেকের বিপক্ষেই করেছেন দুটি করে গোল। এই ধারায় টানা পাঁচ ম্যাচে জোড়া

৩-এর পৃষ্ঠা দেখুন

## ইসরায়েলের বিরুদ্ধে আন্তর্জাতিক আইনের লঙ্ঘন রোধের সম্মেলনে বাংলাদেশ

সূর্যোদয় প্রতিবেদন

দক্ষিণ আমেরিকার দেশ কলম্বিয়ার রাজধানী বোগোটায় আগামী ১৫ ও ১৬ জুলাই অনুষ্ঠিত হতে যাচ্ছে একটি জরুরি আন্তর্জাতিক সম্মেলন, যেখানে ইসরায়েলের বিরুদ্ধে 'সুনির্দিষ্ট পদক্ষেপ' গ্রহণের লক্ষ্যে ২০টিরও বেশি দেশ অংশগ্রহণ করবে। এই সম্মেলনে বাংলাদেশও কূটনৈতিক প্রতিনিধি পাঠানোর সিদ্ধান্ত নিয়েছে। এ সম্মেলন আয়োজন করেছে দ্য হেগ গ্রুপ, যেটি ২০২৪ সালের ৩১ জানুয়ারি নেদারল্যান্ডসের দ্য হেগ শহরে প্রতিষ্ঠিত হয়। এই গ্রুপের যৌথ সভাপতি কলম্বিয়া ও দক্ষিণ আফ্রিকা। দ্য হেগ গ্রুপের মূল লক্ষ্য হলো ইসরায়েলকে আন্তর্জাতিক আইনের আওতায় এনে জবাবদিহি করতে বাধ্য করা এবং

৩-এর পৃষ্ঠা দেখুন

## ফেরার ম্যাচে গোল করলেন দি মারিয়া মাঠ ছাড়লেন চোট পেয়ে

সূর্যোদয় প্রতিবেদন



আনহেল দি মারিয়া দীর্ঘ প্রায় দুই দশক পর শৈশবের ক্লাব রোজারিও সেন্ট্রালে ফিরে এসে তার প্রথম ম্যাচেই গোল করলেন। তবে ম্যাচের শেষ ভাগে চোট পাওয়ায় মাঠ ছাড়তে হয় তাকে। আর্জেন্টিনার অন্যতম সেরা ফরোয়ার্ড দি মারিয়া ২০০৫ থেকে ২০০৭ পর্যন্ত রোজারিও সেন্ট্রালের হয়ে খেলেছেন। এরপর ইউরোপের বড় বড় ক্লাবের পথে চলেন। রিয়াল মাদ্রিদ, ম্যানচেস্টার ইউনাইটেড, পিএসজি, জুভেন্টাস এবং

৩-এর পৃষ্ঠা দেখুন

## বিশ্বের সর্বাধিক মুসলিম জনসংখ্যার দেশ হতে চলেছে ভারত

সূর্যোদয় প্রতিবেদন

বিশ্বব্যাপী ধর্মীয় জনসংখ্যার এক গুরুত্বপূর্ণ পরিবর্তনের দিকে ইঙ্গিত করেছে যুক্তরাষ্ট্রভিত্তিক গবেষণা সংস্থা পিউ রিসার্চ সেন্টার। তাদের সাম্প্রতিক এক প্রতিবেদনে বলা হয়েছে, ২০৫০ সালের মধ্যেই বিশ্বের সবচেয়ে বেশি মুসলিম জনসংখ্যার দেশ হতে চলেছে ভারত। প্রতিবেদনে বলা হয়, ২০১০ থেকে ২০২০ সালের মধ্যে বিশ্বে মুসলমানদের

৩-এর পৃষ্ঠা দেখুন

## ইমরান খানের দুই ছেলের রাজনীতিতে আগমন ঘিরে তোলপাড় পাকিস্তান

সূর্যোদয় প্রতিবেদন



পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ (পিটিআই) দলের প্রতিষ্ঠাতা ও কারাবন্দি নেতা ইমরান খানের দুই ছেলে সুলাইমান খান এবং কাসিম খান দলের আসন্ন আন্দোলনে নেতৃত্ব দিতে পাকিস্তানে আসার পরিকল্পনা করছেন। যুক্তরাষ্ট্রে পিটিআইয়ের পক্ষে তদবির শেষে তারা দেশে ফেরার প্রস্তুতি নিচ্ছেন বলে জানিয়েছে দলের ঘনিষ্ঠ সূত্র। দলীয়ভাবে জানানো হয়েছে, আগামী ৫ আগস্ট দেশব্যাপী বিক্ষোভ কর্মসূচিতে সুলাইমান ও কাসিম সরাসরি অংশ নিতে পারেন। ২০২৩ সালের এই দিনেই ইমরান খানকে 'বেআইনিভাবে' গ্রেফতার করা হয়েছিল। সেই ঘটনার প্রতিবাদেই দিনটিকে স্মরণীয় করে রাখতে এ

৩-এর পৃষ্ঠা দেখুন

## চার লাখ শিক্ষককে কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহারে প্রশিক্ষণ দেবে ওপেনএআই

সূর্যোদয় প্রতিবেদন




যুক্তরাষ্ট্রে চার লাখ শিক্ষককে কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ব্যবহারে প্রশিক্ষণ দিতে যাচ্ছে চ্যাটজিপিটির নির্মাতা প্রতিষ্ঠান ওপেনএআই। 'ন্যাশনাল একাডেমি ফর এআই ইনস্ট্রাকশন' নামের একটি দীর্ঘমেয়াদি কর্মসূচির আওতায় ২০৩০ সালের মধ্যে এই প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করা হবে।
প্রকল্পটির অংশ হিসেবে যুক্তরাষ্ট্রের প্রায় ১০ শতাংশ শিক্ষককে এআই প্রযুক্তি ব্যবহারে দক্ষ করে তোলা হবে। প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় ওপেনএআইয়ের সঙ্গে যুক্ত হয়েছে আমেরিকান ফেডারেশন অব টিচার্স (এএফটি), মাইক্রোসফট, অ্যানথ্রপিক এবং ইউনাইটেড ফেডারেশন অব টিচার্স। প্রকল্প বাস্তবায়নে নিউইয়র্কে একটি কেন্দ্রীয় প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হবে, যেখান থেকে দেশজুড়ে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রগুলোর মাধ্যমে প্রশিক্ষণ দেওয়া হবে। এ বিষয়ে ওপেনএআইয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা স্যাম অল্টম্যান বলেন, 'শিক্ষকেরাই পরিবর্তনের মূল চালিকাশক্তি। শ্রেণিকক্ষে এআই ব্যবহারের পথ তাঁদের হাত ধরেই তৈরি করতে হবে। আমরা

৩-এর পৃষ্ঠা দেখুন

## ফয়েজ মোহাম্মদের মিথ্যা বিজ্ঞাপনের প্রতিবাদ

গতকাল 'দৈনিক আমাদের সূর্যোদয়' পত্রিকার ৩ নম্বর পাতায় মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ যে মিথ্যা ও উদ্দেশ্যপ্রণোদিত বিজ্ঞাপন দিয়ে আমাকে জড়িয়ে প্রকাশ করেছেন, আমি তার তীব্র প্রতিবাদ জানাচ্ছি। আমার সামাজিক মর্যাদা ক্ষুণ্ন এবং চরিত্র হননের উদ্দেশ্যেই এই বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছে। আমি দৃঢ়ভাবে বলতে চাই, আমার চারিত্রিক ও রাজনৈতিক সনদপত্র ফয়েজ মোহাম্মদ নিজেই দিয়েছেন এবং সেখানে তাঁর স্বাক্ষর রয়েছে। এ বিষয়ে তাঁর স্বাক্ষরের যথেষ্ট প্রমাণ আছে। যাঁদের সামনে তিনি স্বাক্ষর করেছেন, তাঁরাও সাক্ষ্য দেবেন যে স্বাক্ষরটি তাঁরই। এছাড়া, স্বাক্ষর যাচাই করলেই প্রকৃত সত্য উন্মোচিত হবে। আমি ফয়েজ মোহাম্মদকে অনুরোধ করব, ব্যক্তিগত বিদ্বেষের বশবর্তী হয়ে কারও চরিত্র হননের অপচেষ্টা থেকে বিরত থাকার জন্য। ভবিষ্যতে তিনি যদি এ ধরনের কোনো অপচেষ্টা চালান, তবে আমি আইনগত ব্যবস্থা নিতে বাধ্য হবো।

**মোত্তাচ্ছিম বিল্লাহ মতু**
**সাবেক মেয়র, মেহেরপুর পৌরসভা**

## ফয়েজ মোহাম্মদের প্রকাশিত বক্তব্যের প্রতিবাদ

আমাদেরকে চাঁদাবাজ উল্লেখ করে মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মদ দৈনিক আমাদের সূর্যোদয় পত্রিকায় বক্তব্য দিয়েছেন। একটি দায়িত্বশীল পদে থেকে এই ধরনের মিথ্যা, ভিত্তিহীন ও বানোয়াট অপবাদ দিয়ে বক্তব্য প্রদান করায় আমাদের ও জেলা বিএনপির ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে। আমরা এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি। সেই সাথে তার এই বিভ্রান্তিকর. হীন বক্তব্যর প্রতিবাদ চেয়ে আমরা জেলা বিএনপির আহ্বায়ক কমিটির কছে প্রতিকার চাচ্ছি।

মোঃ লিয়াকত আলী
মোঃ সাইদুর রহমান
আহবায়ক, মেহেরপুর সদর উপজেলা যুব দল
সাধারণ সম্পাদক, শ্যামপুর ইউনিয়ন বিএনপি

শর্মা ফুড প্লাজা

বাদল ফেন্সি মার্কেট, প্রধানসড়ক, মেহেরপুর।

মোবাইল : ০১৩০৯- ৯১৯১৩৩

অ্যাপিটাজার, স্যান্ডউইস, বার্গার, সসেজ, চাউমিন এন্ড নুডলস, স্পেশাল ডাম্পলিংস. ফ্রাই বক্স, মিট বক্স এড, পাস্তা, সালাদ, ফ্যামেলি প্যাক, পিজা, ডিসার্ট আইটেম, নাসোজ. শর্মা রোল,




ফ্যামলি প্যাকেজস,সেট মেনু, শেক, মোজিটা, কোল্ড এন্ড কফি, কম্বো, রাইস বল আইটেম, বিরানি নান গ্রীল, ছাড়াও এখানে সব ধরনের কাচ্ছি পাওয়া যায়।

এখানে মনোরম পরিবেশে বিভিন্ন ধরনের সেমিনার, জন্মদিনের পার্টি ও বিবাহ বার্ষিকী অনুষ্ঠানের বিশেষ সুবিধা আছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কতৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

মেহেরপুর, সোমবার, ১৪ জুলাই ২০২৫ ইং

## গণতন্ত্রের লড়াইয়ে নিজেদের মধ্যেই পরীক্ষার মুখে বিএনপি

বাংলাদেশের অন্যতম প্রধান রাজনৈতিক দল বিএনপি দীর্ঘদিন ধরেই গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার দাবিতে রাজপথে সক্রিয়। তবে দুঃখজনক ভাবে, মেহেরপুর সদর থানা বিএনপির আসন্ন কাউন্সিল ঘিরে উদ্ভূত পরিস্থিতি দলের নিজেদের ঘোষিত আদর্শের সঙ্গে সাংঘর্ষিক হয়ে উঠেছে।

সদর থানার কাউন্সিল সামনে রেখে যেভাবে উত্তেজনা, চাপ প্রয়োগ ও পাল্টাপাল্টি অভিযোগ সামনে এসেছে, তা গণতন্ত্রের চর্চার বদলে একক আধিপত্য প্রতিষ্ঠার প্রবণতাকেই স্পষ্ট করে তোলে। একজন প্রার্থীকে যিনি নিজ ইউনিয়নেই এখনও কার্যকর কমিটি গঠন করতে পারেননি তাকে ঘিরে অগণতান্ত্রিক ভাবে সভাপতি ঘোষণার দাবি যেমন উদ্বেগজনক, তেমনি অন্য প্রার্থীদের প্রতি দোষারোপ, বিদ্বেষপূর্ণ মন্তব্য এবং চাঁদাবাজ আখ্যা দেওয়ার প্রবণতা দলের শৃঙ্খলা ও ঐক্যের জন্য মারাত্মক হুমকি। বিএনপি দীর্ঘদিন ধরে বলে আসছে, তারা একনায়কতন্ত্রের বিপরীতে গণতন্ত্র ফিরিয়ে আনতে চায়। তাহলে প্রশ্ন ওঠে, নিজেদের দলীয় কাঠামোর ভেতরেই যদি গণতান্ত্রিক পদ্ধতির চর্চা অনুপস্থিত থাকে, তাহলে তারা জাতির সামনে কোন নৈতিক অবস্থান থেকে গণতন্ত্রের কথা বলবে? সদরের সভাপতি পদে একাধিক প্রার্থীর আগ্রহ একটি স্বাভাবিক ও উৎসাহব্যঞ্জক ব্যাপার। এটি প্রমাণ করে, তৃণমূল পর্যায়ে নেতৃত্ব বিকাশের স্পৃহা আছে। এই প্রার্থীদের মধ্যে থেকে ভোটের মাধ্যমে যিনি নির্বাচিত হবেন, তিনিই প্রকৃত অর্থে বৈধ নেতৃত্ব পাবেন। পক্ষান্তরে, শক্তি প্রদর্শন, বিক্ষোভ কিংবা গোষ্ঠীগত চাপ প্রয়োগের মাধ্যমে কাউকে চেয়ার দেওয়ার মানসিকতা দলীয় আদর্শের সঙ্গে যেমন সাংঘর্ষিক, তেমনি কর্মীদের মধ্যেও হতাশা ও বিভক্তি সৃষ্টি করবে। এখন সময় এসেছে বিএনপি নিজেদের মধ্যকার গণতান্ত্রিক চর্চাকে প্রকৃত অর্থে জোরদার করার। নেতা বাছাইয়ের প্রক্রিয়ায় যদি স্বচ্ছতা, অংশগ্রহণ ও প্রতিযোগিতা না থাকে, তবে তা দলের ভবিষ্যতের জন্য আত্মঘাতী হতে পারে। আমরা আশা করি, মেহেরপুর সদর থানা বিএনপি একটি সুসংগঠিত, গণতান্ত্রিক এবং গ্রহণযোগ্য কাউন্সিলের মাধ্যমে উদাহরণ সৃষ্টি করবে। সেইসঙ্গে কেন্দ্রীয় নেতৃত্ব এ ধরনের স্থানীয় দ্বন্দ্বে হস্তক্ষেপ করে দলীয় নীতিমালার প্রতি আনুগত্য নিশ্চিত করবে, যাতে বিএনপির ঘোষিত রাজনৈতিক আদর্শ ও বাস্তব চর্চার মধ্যে সামঞ্জস্য বজায় থাকে।

## লিফলেট মার্কা পত্রিকা, অখাদ্য সম্পাদক

সাঈদুর রহমান রিমন



কারোর নিজস্ব কোনো যোগ্যতা থাকলে, দক্ষতা থাকলে সে কোনো দিনই কারোর তোষামোদ কিংবা লেজুড়বৃত্তি করবে না। এটাই স্বকীয়তা। আপনি লিখতে জানলে, অনুসন্ধানী যোগ্যতা থাকলে সংবাদপত্র ও সাংবাদিকতায় আপনার কদর সর্বত্রই থাকবে।

আপনি যথেচ্ছা সংবাদ লিখবেন, ছাপাবেন, পত্রিকা বের করবেন, আবার ইচ্ছে হলো না বলে নিউজ গায়েব করে দিবেন- এমন স্বেচ্ছাচারিতার অধিকার কে দিল আপনাকে? সংবাদের আইডিয়া, বিষয়বস্তু নির্ধারণ, লেখনী, প্রকাশের সকল ধাপেই যৌক্তিকতা থাকতে হবে। কেনো লিখবো, কেনো লিখবো না তার ব্যাখ্যা থাকা জরুরি। অন্তত নিজের কাছে হলেও এ প্রশ্নের সন্তোষজনক জবাব থাকতে হবে। রাষ্ট্র ও জনগোষ্ঠীর জন্য সুনির্দিষ্ট দায়বদ্ধতা নিয়ে সর্বোত্তম বিবেকবানদের পত্রিকা প্রকাশনায় পা ফেলতে হয় - তবেই তা রাষ্ট্রের চতুর্থ স্তম্ভের মর্যাদা পায়।

কিন্তু আপনার কাছে পত্রিকা প্রকাশ করা কেবলই যদি ব্যবসা হয়ে থাকে, সাংবাদিকতা মানেই যদি হয় দালালি আর বাণিজ্য - তাহলে জেনে রাখুন আপনিই অপসাংবাদিকতার গডফাদার। আপনার পত্রিকা সাংবাদিক নামধারী টাউট, বাটপাড় আর ঘৃণ্য দালাল তৈরির কারখানা। আপনারাই লুটেরা বেনিয়াদের মত সাংবাদিকতাকে যথেচ্ছা ধর্ষণ করে চলছেন। টাকা সবার দরকার তাই বলে ব্যক্তিত্ব বিলিয়ে দিয়ে নয়। পত্রিকা বাঁচাতে বিজ্ঞাপন দরকার আছে তাই বলে সাংবাদিকতাকে বিসর্জন দিয়ে নয়, সাংবাদিকতার কাঠামো ধ্বংস করে নয়। কিছুসংখ্যক পত্রিকাই বের হয়েছে যেন বিজ্ঞাপনের ব্যবসা করতে। পতিতা পল্লির দালালদের মত তারা বিজ্ঞাপন নিয়ে এমনই কামড়া কামড়ি করে তা দেখলে লজ্জা পেতে হয়। ওই পত্রিকাগুলো মফস্বলে শুধু বিজ্ঞাপন ভিক্ষা করতেই সাংবাদিক নিয়োগ করে। তারা জানেই না যে, পত্রিকা বানানো হয় জনস্বার্থে- ব্যবসাবাণিজ্য করার জন্য নয়। ভিক্ষা করে যে ব্যবসা চালাতে হয় সেই ব্যবসা খুলে বসতে কে বলেছে আপনাকে? আসলে পত্রিকাকে পুঁজি করে পেছনে আছে আঁধারের বাণিজ্য, তদবির, অপরাধ, ঠিকাদারি! তানা হলে সিনেমা হল ব্যবসায়ী, ক্লিনিক বাণিজ্যের হোতা, চোরাকারবারি, মাদক ব্যবসায়ী, নির্মাণ ঠিকাদার, মুদি দোকানিরাও দলে দলে পত্রিকা ব্যবসা খুলে বসবে কেনো? সাংবাদিক মানে বিজ্ঞাপন সংগ্রাহক নন, তিনি সংবাদ সংগ্রাহক, প্রস্তুতকারক, সম্পাদনাকারী। কিন্তু আপনি সংবাদ সংগ্রহ করেন না, লিখেন না- শুধু বিজ্ঞাপনের জন্য দিন রাত ছুটে বেড়ান। এ ধরনের "বিজ্ঞাপনী সাংবাদিকতার" সুযোগ নেই। আপনি পদ পরিবর্তন করে স্বেচ্ছায় বাণিজ্যিক প্রতিনিধি বা কমার্শিয়াল এক্সিকিউটিভ হয়ে যান। কেউ আপনাকে লজ্জা দিবে না, সাংবাদিকতার দায়বদ্ধতা নিয়ে প্রশ্ন তুলবে না। জেলা উপজেলার প্রতিনিধি হয়েই ইজারাদার হয়ে উঠেন অনেকে। ভাবেন তার খেয়াঘাটে আর কেউ নৌকা ভেড়াতে পারবে না। এই ইজারাদারি মার্কা সাংবাদিকতা কোথায় পেলেন? নিজের এলাকায় বড় বড় ঘটনা ঘটছে সেগুলোর কিছুই জানেন না, নিউজও পাঠান না, তারপরেও নিজেকে সাংবাদিক পরিচয় দেন- এতে লজ্জাও হয় না? অখাদ্য নির্লজ্জতা এভাবে সাংবাদিকতা দখল করেছে বলেই আজ সাংবাদিকতার এত দুর্দশা ঘটছে। পা খোঁড়া, পঙ্গু মানুষের দৌড় প্রতিযোগিতা কিংবা ফুটবল খেলায় অংশ নেয়ার সুযোগ নেই। তেমনি চোখে দেখেন না, কানে শোনেন না, চলতে পারেন না টাইপের প্রতিবন্ধীদের জন্য মাঠ সাংবাদিকতা নয়। কোনো নিউজের ব্যাপারে যার উৎসাহ নেই, এলাকা, সমাজ, জনগোষ্ঠী, রাষ্ট্রের প্রতি যার দায়বোধ নেই- সবকিছুতেই দায়সারা গোছের মানুষ হিসেবে অন্য দামি পেশাকে বেছে নিন। অন্য কিছু করার যোগ্যতা নেই অগত্যা আটকে থাকার পেশা সাংবাদিকতা নয়। একইভাবে অশিক্ষিত, আধা শিক্ষিত আর রাজনৈতিক দলের সক্রিয় নেতাকর্মী, অন্ধ সমর্থকদের জন্য সাংবাদিকতা নয়। হ্যাঁ, রাজনৈতিক দল করেও সাংবাদিকতা করতে পারবেন, তবে সংবাদ লেখার সময় আপনাকে দলীয় মতামতের উর্ধ্বে উঠে জনগণের পক্ষে, স্বচ্ছ নিরপেক্ষ থাকতে হবে। কিন্তু আপনার এমন স্বচ্ছতার গ্যারান্টি কি? সাংবাদিকতা হচ্ছে সবচেয়ে সচেতন, বিচক্ষণ, মেধাবী মানুষের পেশা। সকল ক্ষেত্রেই তার গঠনমূলক চিন্তা চেতনা থাকতে হবে। কোনো বিষয়ে বিশেষজ্ঞ হওয়ার দরকার নেই, কিন্তু সব বিষয়ে মার্জিন ধারণা থাকা আবশ্যক। তাকে সবজান্তা হতে হবে না। এ কারণে একজন সাংবাদিক প্রতিদিনই কমবেশি ভুল করতে পারেন। তাই বলে এক ভুল দ্বিতীয়বার করার কোনো সুযোগ নেই তার। আপনার কর্মস্থল যদি হয় দৈনিক পত্রিকা, অনলাইন কিংবা টিভি চ্যানেল- তাহলে সেখান থেকে কোনো নির্দেশনা দ্বিতীয়বার আশা করা অন্যায়।

এসব প্রতিষ্ঠানে সবকিছুই করতে হয় নির্দিষ্ট সময়ের মধ্যে, তাই তাগিদ দেয়ার উপায় নেই। অতএব একবারের নির্দেশনায় যথা সময়ে কাজটি সম্পন্ন না করা মানেই হলো আপনি ব্যর্থ। দায়িত্বশীলদের কথা শুনুন গুরুত্বের সঙ্গে, মনোযোগ সহকারে। আংশিক শুনেছেন, বুঝতে পারেননি কিংবা খেয়াল করেননি- সাংবাদিকতায় তা চলে না। জ্ঞান বিতরণের পরিবর্তে কাজটি নিজে করে দেখানোর নাম হচ্ছে দায়িত্ব। আর সাংবাদিকতায় এই দায়িত্ব'র দাম সবচেয়ে বেশি। এখন রিপোর্টার হওয়ার আগেই এডিটর হতে চান, আবার নিজেই নিজের নিউজকে যুৎসই কাভারেজ দিতে মেকআপম্যান হয়ে যান মুহূর্তেই। এগুলো ছাড়ুন, এটা পেশাদারিত্ব নয়।

অনেকেই আবার পেশাদারিত্ব বলতে কেবলই বেতন ভাতা, সুযোগ সুবিধা প্রাপ্তি বলে ভাবেন। অথচ পেশাদারিত্ব যে দায়িত্ববোধ, নির্দিষ্ট কর্তব্য কাজের অঙ্গীকার, সর্বোচ্চ স্বচ্ছতার শপথ সেগুলো বেমালুম ভুলে যান।

(লেখক: সিনিয়র সাংবাদিক, সিনিয়র সদসক্রাইম রিপোর্টারর্স এসোসিয়েশন)

# কবরের শাস্তি: সত্য হলেও আমরা শুনতে পাই না হাদিস ও বিজ্ঞান যা বলছে

শেখ ফরিদ

মানুষের মৃত্যুর পরপরই শুরু হয় আখিরাতের জীবনের প্রথম অধ্যায়ড় কবরজীবন। ইসলামী বিশ্বাস মতে, এই সময়টিকে কেউ পাবেন জান্নাতের এক টুকরো হিসেবে, আবার কেউ ভোগ করবেন জাহান্নামের মতো ভয়াবহ শাস্তি। পবিত্র কোরআন ও সহিহ হাদিসে কবরের শাস্তি নিয়ে রয়েছে স্পষ্ট নির্দেশনা, তবে প্রশ্ন থাকেড়যদি সত্যিই কবরে শাস্তি হয়, তবে আমরা কেন তা শুনতে বা দেখতে পাই না? ধর্মীয় দৃষ্টিভঙ্গি: হাদিসে কী বলা হয়েছে? কোরআনে বলা হয়েছে, "আমি মুনাফিকদের দু'বার শাস্তি দেব, অতঃপর পরকালেও তারা মহাশাস্তির দিকে প্রত্যাবর্তিত হবে" (সূরা তাওবা, আয়াত ৯:১০১)। হাদিসে রাসুল (সা.) বলেছেন, "কবর জান্নাতের বাগান অথবা জাহান্নামের গর্ত।" আবার এক হাদিসে বলা হয়েছেড়"মৃত ব্যক্তিকে এমনভাবে লোহার মুগুর দিয়ে আঘাত করা হবে যে, সে চিৎকার করবে। কিন্তু সেই চিৎকার মানুষ শুনতে পাবে না।" রাসুল (সা.) আরও জানান, তিনি চাইলেই আল্লাহর কাছে দোয়া করতে পারতেন, যাতে মানুষ কবরের শাস্তি শুনতে পায়। কিন্তু দাফন কাজ জটিল হয়ে যাবে ভেবে তিনি সে দোয়া করেননি। তাহলে কেউ কি শুনতে পায় সেই শাস্তি? হাদিসে বর্ণিত আছে, মানুষ ও জিন ছাড়া পশু-পাখি কবরের শাস্তির আওয়াজ বুঝতে পারে।

এমনকি রাসুল (সা.) একবার একটি কবরস্থানের পাশে খচ্চরে চড়েই যাচ্ছিলেন। হঠাৎ খচ্চরটি ভয় পেয়ে লাফাতে শুরু করে। তখন তিনি বলেন, এই কবরগুলোর বাসিন্দারা আজাব ভোগ করছে। তবে এক্ষেত্রে প্রশ্ন আসে পাখি বা প্রাণীরা যদি চিৎকার শুনতে পায়, তবে তারা আতঙ্কিত হয়ে পালিয়ে যায় না কেন? আলেমদের ব্যাখ্যা হয়তো তাদের বুঝে ওঠার ক্ষমতা সীমিত বা আংশিক, অথবা তারা প্রতিটি কবরে আজাব হচ্ছে কিনা তাও জানে না। বিজ্ঞান কী বলে? আধুনিক বিজ্ঞান মতে, শব্দ হলো যান্ত্রিক তরঙ্গ যা বাতাস বা অন্য কোনো মাধ্যমে চলতে পারে। এটি কণিকায় কম্পন ঘটিয়ে মানুষের শ্রবণেন্দ্রিয়কে উত্তেজিত করে। কিন্তু মৃত্যুর পর শরীরের সমস্ত ইন্দ্রিয় বন্ধ হয়ে যায়। তবে কিছু গবেষণায় দেখা গেছে, মস্তিষ্কের নির্দিষ্ট কোষ মৃত্যু পরবর্তী সময়ে স্বল্প সময় সক্রিয় থাকতে পারে। এতে ধারণা করা হয়, কিছু স্নায়বিক অনুভূতি তখনো কাজ করতে পারেড়যা মৃত্যুর আগ-পরে আত্মার শাস্তি বা শান্তির উপলব্ধির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে পারে। শুনতে না পারার ধর্মীয় ব্যাখ্যা বলছে, কবরের শাস্তি না দেখতে বা না শুনতে পারা মানুষের ঈমানের পরীক্ষা। যদি সবাই তা স্পষ্টভাবে শুনতে পেত, তবে দুনিয়ায় কেউ পাপ করত না। তাই আল্লাহ চাচ্ছেন মানুষ যেন গায়েবের (অদেখা বিষয়ের) ওপর বিশ্বাস স্থাপন করেই প্রকৃত ঈমানদার হয়।

কবরের শাস্তি ইসলামী বিশ্বাসে একটি অকাট্য বাস্তবতা, যদিও তা চোখে দেখা বা কানে শোনা যায় না। যারা আল্লাহর কুদরতের ওপর ঈমান রাখেন, তাদের কাছে এটি বিশ্বাসের বিষয়। অন্যদিকে, যারা শুধুমাত্র ইন্দ্রিয়গ্রাহ্য তথ্যেই বিশ্বাস রাখেন, তাদের জন্য এটি একটি চ্যালেঞ্জ বিশ্বাস না করেও সত্যকে মানার।

## দর্শনার্থীশূন্য মুজিবনগর বিপাকে

এবং ৬০টির মতো চা, কফি ও ফাস্টফুডের দোকান রয়েছে এখানে। সবই দর্শনার্থী নির্ভর। এখন এসব দোকানে বিক্রি নেই বললেই চলে।ফাস্টফুড দোকানি রফিকুল ইসলাম বলেন, "আগে প্রতিদিন ১০ থেকে ১২ হাজার টাকা বিক্রি হতো। এখন দিনে হাজার টাকাও ওঠে না। স্থানীয় কিছু বেচাকেনা দিয়েই কোনোরকম চলছে।" খেলনা বিক্রেতা শরিফুল ইসলাম বলেন, "ঋণ নিয়ে মাল তুলেছি, এখন বিক্রিই হচ্ছে না। ঋণ শোধ দূরের কথা, পরিবারের খাবার জোটানোই কঠিন হয়ে পড়েছে।" মুজিবনগর সরকারকে গার্ড অব অনার দেওয়া আনসার সদস্য আজিমুদ্দিন শেখ বলেন, "এখানে প্রতিদিন অসংখ্য মানুষ মুক্তিযুদ্ধ জানার জন্য আসতেন। এখন আর কেউ আসে না। ব্যবসার অবস্থা খুব খারাপ।" মুজিবনগর উপজেলা প্রশাসনের এক কর্মকর্তা জানান, দর্শনার্থীদের নিরাপত্তা নিশ্চিতে পর্যাপ্ত আনসার ও ট্যুরিস্ট পুলিশ মোতায়েন রয়েছে। তবে সার্বিক পরিস্থিতির কারণে চলাচলে কিছুটা সীমাবদ্ধতা রয়েছে।"

## কালভার্ট বন্ধের পেছনে আওয়ামী

পানি নিষ্কাশনের কালভার্টটি বন্ধ করে দেওয়া হয়। তারপর থেকে প্রতি বছর ভারী বর্ষণে ফসলের ক্ষতি হচ্ছে। প্রশাসনের কাছে বারবার অভিযোগ করেও কোনো সমাধান পাইনি। এবার আগাম বৃষ্টিতে ফসল সম্পূর্ণ পানির নিচে তলিয়ে গেছে।" চাষি ফকির মিয়া বলেন, "আগে কালভার্ট দিয়ে পানি বের হয়ে যেত, এখন সেটা বন্ধ থাকায় জমি ভাসছে। কয়েকদিন পানি থাকলে পুরো ফসলই নষ্ট হয়ে যাবে।" অন্য কৃষক আলফাজ জানান, "আমাদের আবাদি জমির একাংশ ভেঙে যাচ্ছে, কিন্তু আমরা কোনো ধরনের লড়াই করতে পারি না। প্রশাসন যদি না সাহায্য করে, আমরা নিঃস্ব হয়ে যাব।" ফিরোজ নামের এক কৃষক বলেন, "এই জমিতে আমার পূর্বপুরুষরা শত বছর ধরে চাষ করে আসছে। এই কালভার্টটি খুলে দিলে শত শত বিঘা জমির ফসল বাঁচানো সম্ভব।" অপরদিকে, অভিযুক্ত আওয়ামী লীগ নেতা আবুল কালাম আজাদ দাবি করেন, "আমরা আমাদের নিজস্ব জমিতে পুকুর কেটে মাছ চাষ করছি, এতে আমার নিজের লাভ-ক্ষতি দেখবই।" এ বিষয়ে গাংনী উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল জানান, "আমরা ঘটনাস্থলে লোক পাঠিয়ে খোঁজ নিচ্ছি। কেউ বেআইনি ভাবে পানি চলাচলে বাধা দিলে প্রশাসন অবশ্যই ব্যবস্থা নেবে।" স্থানীয়দের দাবী, দ্রুত পানি নিষ্কাশনের কালভার্টটি পুনরায় খুলে দিয়ে স্থায়ী সমাধান না করা হলে, কৃষকরা বড় ধরনের আর্থিক ক্ষতির সম্মুখীন হবেন।

## মেহেরপুর জেলা প্রশাসকের সভা

গুলোতে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। সভায় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, সিভিল সার্জন ডা. আবু সাঈদ, অতিরিক্ত পুলিশ সুপার আব্দুল করীম, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম, গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আনোয়ার হোসেন, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মন্ডল। এছাড়াও সভায় জেলা শিক্ষা অফিসার হযরত আলী, জেলা সমাজসেবা অধিদপ্তরের উপ-পরিচালক আসাদুল ইসলাম, জেলা কমান্ড্যান্ট কামরুজ্জামান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ-পরিদর্শক রুহুল আমিন, বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব.) আব্দুল মালেক, জমায়েত ইসলামীর জেলা সেক্রেটারি ইকবাল হোসেন, সদর উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি শফিকুল ইসলাম মিন্টু, কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসরাইল হোসেন এবং পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির নির্বাহী পরিচালক মোশাররফ হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন। সভায় জেলার সামগ্রিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি, মাদক নিয়ন্ত্রণ, সন্ত্রাস ও জঙ্গিবাদ দমন, শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর পরিবেশ এবং সামাজিক স্থিতিশীলতা রক্ষাসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা হয়। জেলা প্রশাসক সভায় সবাইকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানান এবং আইন-শৃঙ্খলা রক্ষায় কোনো ধরনের গাফিলতি সহ্য না করার নির্দেশ দেন।

## গাংনীতে পরীক্ষার কক্ষে মোবাইলে

কলেজের সহকারী অধ্যাপক সাজেদুল ইসলাম বুলু দায়িত্ব পালনকালে কক্ষে মোবাইল ফোনে কথা বলছিলেন। বিষয়টি সিসি ক্যামেরায় ধরা পড়ে। কেন্দ্রের শৃঙ্খলা পরিপন্থী এমন কর্মকাণ্ডের কারণে তাকে তাৎক্ষণিকভাবে অব্যাহতি দেওয়া হয়। গাংনী মহিলা ডিগ্রী কলেজ কেন্দ্রের ভারপ্রাপ্ত কেন্দ্র সচিব রফিকুল ইসলাম বলেন, "ঘটনার সময় আমি কলেজে উপস্থিত ছিলাম না। পরে বিষয়টি জানতে পেরে তাকে পরবর্তী পরীক্ষার দায়িত্ব থেকেও অব্যাহতি দেওয়া হয়েছে।"

## ড্রেজার দিয়ে বালু উত্তোলন: গাংনীতে

অভিযানকালে পুলিশের একটি টিম ম্যাজিস্ট্রেটকে সহায়তা করে। প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, গোপালনগর গ্রামের মৃত হাজী জালাল উদ্দিন বিশ্বাসের ছেলে নজমুল হক তার ব্যক্তিগত পুকুরে একটি শক্তিশালী ড্রেজার মেশিন বসিয়ে বালু উত্তোলন করছেন। বিষয়টি নিশ্চিত হয়ে উপজেলা প্রশাসন তাৎক্ষণিক অভিযান পরিচালনা করে।সেখানে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে নজমুল হককে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। ভূমি ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০-এর ৪ ধারা অনুযায়ী, কোনো ব্যক্তি সরকারের অনুমতি ছাড়া মাটি বা বালু উত্তোলন করতে পারেন না। এই আইন লঙ্ঘনের দায়েই নজমুল হককে অভিযুক্ত করা হয়। এ বিষয়ে নির্বাহী ম্যাজিস্ট্রেট সাদ্দাম হোসেন বলেন, "অবৈধভাবে মাটি ও বালু উত্তোলন পরিবেশের জন্য হুমকিস্বরূপ। এটি কৃষিজমি ধ্বংস করে এবং পানির স্বাভাবিক প্রবাহে বাঁধা সৃষ্টি করে। এ ধরনের কার্যক্রম বন্ধে উপজেলা প্রশাসনের অভিযান নিয়মিত চলবে।" স্থানীয়রা জানান, এলাকায় দীর্ঘদিন ধরেই কিছু ব্যক্তি অবৈধভাবে ড্রেজার দিয়ে বালু উত্তোলন করে আসছে, যার ফলে পাশ্ববর্তী জমি দেবে যাওয়া, পানির স্তর নেমে যাওয়া, এবং ফসলি জমির ক্ষতির মতো ঘটনা ঘটছে। প্রশাসনের এই অভিযানকে সাধুবাদ জানিয়েছেন তারা।

## গাংনীতে চারটি স্যালো মেশিন চুরি

গ্রামের মতিয়ার রহমানের মালিকানাধীন ছিল। স্থানীয় কৃষক ও সচেতন নাগরিকরা জানান, বরিংগাড়ীর এই স্যালো মেশিনগুলো ছিল তাদের আয়ের প্রধান উৎস ও ফসলের প্রাণ। চুরি হওয়ার কারণে এলাকার সেচ ব্যবস্থা মারাত্মকভাবে বিঘ্নিত হয়েছে, যা কৃষকদের মধ্যে ভবিষ্যতে ফসল উৎপাদনে বড় ধরনের ক্ষতির আশঙ্কা তৈরি করেছে। কৃষকরা দ্রুত চুরি হওয়া মেশিন উদ্ধার ও দুষ্কৃতকারীদের দ্রুত গ্রেপ্তার করার জন্য প্রশাসনের প্রতি আকুল আবেদন জানিয়েছেন। স্থানীয়রা আশঙ্কা করছেন, যদি এ ধরনের চুরি রোধে যথাযথ ব্যবস্থা না নেওয়া হয়, তাহলে কৃষি উৎপাদনে স্থায়ী ক্ষতি হবে এবং জনজীবনে ব্যাপক অনিষ্ট সাধিত হবে।

## মেহেরপুরে সাউন্ড-লাইট ও ফুল

সানোয়ার হোসেন, বাংলাদেশ লাইট অ্যান্ড লজিস্টিক এসোসিয়েশনের সাধারণ সম্পাদক নাজমুল আলম, গাজীপুর জেলা লাইটিং অ্যান্ড সাউন্ড সমিতির সভাপতি মাসুদ রানা, ঢাকা জেলার প্রতিনিধি হাজী মোহাম্মদ জানে আলম, কুষ্টিয়া জেলা ডেকোরেটর মালিক সমিতির সভাপতি আসাদুজ্জামান, সাতক্ষীরা জেলা সমিতির সভাপতি রবিউল ইসলাম গাজী, নড়াইল জেলা ডেকোরেটর মালিক সমিতির সভাপতি সাফায়েত হোসেন, যশোর জেলা সমিতির সভাপতি গোলক দত্ত, সিলেট জেলা সমিতির সভাপতি আব্দুল জাব্বার এবং চুয়াডাঙ্গা জেলা ডেকোরেটর মালিক সমিতির সভাপতি খসরুল আলম।সভায় মেহেরপুর জেলার সাউন্ড, লাইট ও ফুল ব্যবসায়ীরা উপস্থিত থেকে তাদের চলমান ব্যবসায়িক অবস্থা ও বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করেন। এছাড়া সমিতির উন্নয়ন ও ব্যবসায়ীদের সম্মিলিত স্বার্থ রক্ষায় বিভি-ন্ন পরিকল্পনা গ্রহণ করা হয়। সভা শেষে মোনজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

## চুয়াডাঙ্গা সীমান্তে ৩ বাংলাদেশিকে

বছর আগে কাজের সন্ধানে তারা বেনিপুর সীমান্ত দিয়ে ভারতের কলকাতায় প্রবেশ করেন। সেখানেই কাজ করছিলেন তারা। গত শনিবার (১২ জুলাই) বিকালে তারা পুটিখালি সীমান্ত দিয়ে বাংলাদেশে প্রবেশের চেষ্টা করলে ভারতের পুটিখালি ক্যাম্পের বিএসএফ সদস্যরা তাদের আটক করে। পরে রাতেই মেদিনীপুর সীমান্তের ৬২ নম্বর পিলারের কাছে পতাকা বৈঠকের মাধ্যমে তিনজনকে বিজিবির কাছে হস্তান্তর করে বিএসএফ। বাংলাদেশের পক্ষে ওই বৈঠকে উপস্থিত ছিলেন মহেশপুর ৫৮ ব্যাটালিয়নের বেনিপুর বিজিবি ক্যাম্পের কোম্পানি কমান্ডার সুবেদার শরাফত আলীর নেতৃত্বে আট সদস্যের একটি প্রতিনিধি দল। ভারতের পক্ষে উপস্থিত ছিলেন সীমানগর ১৯৪ ব্যাটালিয়নের পুটিখালি ক্যাম্পের এএস সাদেক আলী-সহ আট সদস্য। হস্তান্তরের পর বিজিবি রাত ৯টার দিকে তাদের জীবননগর থানা পুলিশের কাছে হস্তান্তর করে। রোববার (১৩ জুলাই) দুপুরে যাচাই-বাছাই শেষে থানা পুলিশ তাদের নিজ নিজ পরিবারের কাছে হস্তান্তর করে। জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মামুনুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, "তাদের নাম-ঠিকানা যাচাই শেষে পরিবারে ফিরিয়ে দেওয়া হয়েছে।" সীমান্ত এলাকায় বিজিবি-বিএসএফের সমন্বয়ে নিয়মিত যোগাযোগ ও কূটনৈতিক আচরণের অংশ হিসেবে এই ধরনের হস্তান্তর কার্যক্রম পরিচালিত হয় বলে জানায় স্থানীয় প্রশাসন।

## বিএনপি নেতা ইস্রারুল হকের

জেলা বিএনপির আহ্বায়ক আলহাজ্ব জাভেদ মাসুদ মিল্টন। বিশেষ অতিথি ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান। এছাড়াও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক ফয়েজ মাহমুদ, সদস্য আনসারুল হক, ইলিয়াস হোসেন, ওমর ফারুক লিটন, পৌর বিএনপির সাধারণ সম্পাদক মেঘলা, জেলা যুবদলের নেতা কাওসার বিপ্লবসহ বিএনপির অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ। দোয়া মাহফিল শেষে মরহুম ইস্রারুল হক ইস্রুর রূহের মাগফিরাত কামনায় বিশেষ মোনাজাত করা হয়।

## নিখোঁজের পর নদীতে নারীর মরদেহ

মেমজান বেগম সদর উপজেলার আলোকদিয়া ইউনিয়নের দৌলদিয়াড় গ্রামের চুনুরিপাড়ার আব্দুস সামাদের স্ত্রী। মেমজানের আত্মীয় ও উদ্ধারকারী লিপি খাতুন জানান, "মেমজানের শাশুড়ি অসুস্থ। প্রতিদিনের মতো শনিবার সন্ধ্যার পর তিনি নদীতে মলমূত্র ফেলতে গিয়েছিলেন। এরপর আর বাড়ি ফেরেননি। অনেক খোঁজাখুঁজির পর নদীতে মরদেহ পাওয়া যায়।" শরীরের আঘাত সম্পর্কে জানতে চাইলে তিনি আরও বলেন, "তিনি দীর্ঘদিন মৃগী (খিচুনি) রোগে ভুগছিলেন। ধারণা করছি নদীতে গিয়ে খিচুনি শুরু হলে পড়ে গিয়ে আঘাত পান। এমনকি মরদেহ উদ্ধার করার সময়ও আমাদের হাত থেকে ফসকে পড়ে মাথায় আঘাত লাগে।" চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগের চিকিৎসক ডা. তারেক জুনায়েত বলেন, "মেমজান বেগমকে মৃত অবস্থায় হাসপাতালে আনা হয়। তার শরীরে একাধিক আঘাতের চিহ্ন ছিল। পরিবারের দাবি, তিনি মৃগী রোগী ছিলেন। যদিও এই ধরনের রোগীদের পড়ে গিয়ে আঘাত পাওয়ার সম্ভাবনা থাকে, তবে বিষয়টি সন্দেহজনক মনে হওয়ায় থানা পুলিশকে অবহিত করা হয়েছে।" চুয়াডাঙ্গা সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) খালেদুর রহমান বলেন, "শুনেছি নদীতে ডুবে মেমজান বেগমের মৃত্যু হয়েছে এবং তিনি মৃগী রোগে ভুগছিলেন। তবে মরদেহে একাধিক আঘাতের চিহ্ন থাকায় ঘটনাটি সন্দেহজনক মনে হচ্ছে। আজ (রবিবার) ময়নাতদন্ত সম্পন্ন হবে। রিপোর্ট পেলে মৃত্যুর প্রকৃত কারণ জানা যাবে।"

এদিকে, মেমজান বেগমের পরিবারের অন্য সদস্যদের সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তারা মন্তব্য করতে রাজি হননি বা পাওয়া যায়নি।

## কুষ্টিয়া পৌরসভার গেটে পরিচ্ছন্নতা

হাজিরা পান, কিন্তু ময়লা-আবর্জনা পরিষ্কারের কাজের জন্য তাদের হাজিরা মাত্র ২৭৫ টাকা। তারা দীর্ঘদিন ধরে বেতন ও অন্যান্য ভাতা বৃদ্ধির দাবি জানিয়ে আসছেন, কিন্তু তা বাস্তবায়িত হয়নি। কর্মীরা জানান, দাবি পূরণ না হলে আরও কঠোর কর্মসূচি নেওয়া হবে। কুষ্টিয়া পৌর নির্বাহী কর্মকর্তা মেঃহেদী হাসান বলেন, বিষয়টি ভুল বুঝাবুঝির কারণে সংঘটিত হয়েছে। জুলাই মাস থেকে বেতন বৃদ্ধি কার্যকর করার কাজ চলছে। পরিচ্ছন্নতা কর্মীদের সঙ্গে কথা হয়েছে এবং দ্রুত তাদের দাবি পূরণ করা হবে।

## ঝিনাইদহে নব-গঠিত জেলা পূজা

লোকজনকে ব্যবহার করতো। হিন্দুদের সহায়-সম্পত্তি আওয়ামীলীগ আমলে জোরপূর্বক দখল করে নেওয়া হয়েছে। গত ১৫ বছরে অনেক হিন্দুর জমি বেদখলে চলে গেছে। অথচ জাতীয়তাবাদী শক্তি কখনো হিন্দুদের ওপর কোনো ধরনের অত্যাচার-নির্যাতন করেনি। বিএনপি ক্ষমতায় এলে হিন্দুরা আরো ভালো থাকে। এ সময় সিনিয়র আহবায়ক অনন্ত রায়,যুগ্ম আহবায়ক দিপ্ত ঘোষ, সদস্য সচিব সমির কুমার হালদার, সদস্য সচিব রাহুল দেব সাহা পাপ্পু,জীবন কুমার বিশ্বাস ও সুশান্ত সরকার উপস্থিত ছিলেন। এছাড়াও জেলার ৬টি উপজেলার হিন্দু সম্প্রদায়ের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

## নির্বাচন কমিশন পুনর্গঠনের দাবি

নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিনের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি বলেন, নির্বাচন কমিশনের বর্তমান কাঠামো গ্রহণযোগ্য নয়। ইসি যেভাবে পুনর্গঠিত হয়েছিল, সেই আইনে পরিবর্তন আনতে হবে এবং জাতীয় ঐকমত্যের ভিত্তিতে নতুন কমিশন গঠন করতে হবে। তিনি বলেন, "যারা কমিশনে থেকে সৎ ও নিরপেক্ষভাবে কাজ করেছেন, তাদের নতুন কাঠামোতে রাখার সুযোগ থাকতে পারে।" নাসীরুদ্দীন পাটওয়ারী বলেন, "'শাপলা' আমাদের দলীয় প্রতীক, এর কোনো বিকল্প নেই। আইনগতভাবে এ প্রতীক পেতে আমাদের কোনো বাধা নেই। যদি বাধা দেওয়া হয়, আমরা রাজনৈতিকভাবে লড়াই করব।" দলটির যুগ্ম সদস্য সচিব অ্যাডভোকেট জহিরুল ইসলাম বলেন, শাপলা প্রতীকের জন্য নতুন করে আবেদন করা হয়েছে। তবে নির্বাচন কমিশন বর্তমানে ক্ষপাতদুষ্ট ভাবে কাজ করছে বলে অভিযোগ করেন তিনি। বৈঠকে এনসিপির প্রতিনিধি দল নির্বাচন কমিশনের কাছে 'নৌকা' প্রতীক আইনগতভাবে বাতিলেরও সুপারিশ করে। তারা মনে করে, এ প্রতীক পক্ষপাতদুষ্ট আচরণের প্রতীক হয়ে দাঁড়িয়েছে। এর আগে, গত বুধবার নির্বাচন কমিশন সিদ্ধান্ত নেয় যে, 'শাপলা' প্রতীকটি নির্বাচনী প্রতীকের তালিকায় অন্তর্ভুক্ত করা হবে না। তবে এনসিপির আবেদনে শাপলা ছাড়াও 'কলম' ও 'মোবাইল ফোন' প্রতীক সংযোজনের প্রস্তাব করা হয়েছে। বর্তমানে নিবন্ধিত দল নির্বাচন পরিচালনা বিধিমালার তফসিলে ৬৯টি প্রতীক তালিকাভুক্ত রয়েছে। নির্বাচন কমিশন এই সংখ্যা বাড়িয়ে ১১৫টি করার প্রস্তাব দিয়েছে।

## স্বরাষ্ট্র উপদেষ্টা

বাহিনী নিয়মিত অভিযান চালাচ্ছে। তবে পরিস্থিতির গুরুত্ব বিবেচনা করে সরকার যে কোনো সময় বিশেষ 'চিরুনি অভিযান' পরিচালনা করে চিহ্নিত অপরাধী ও সন্ত্রাসীদের ধরার পদক্ষেপ নিতে পারে বলেও উল্লেখ করেন তিনি। উপদেষ্টা আরও বলেন, এই অভিযানে সাধারণ জনগণসহ সকলের সহযোগিতা অত্যন্ত জরুরি। সরকার জনশৃঙ্খলা ও জননিরাপত্তা বিঘ্নকারী কার্যক্রম কঠোর হাতে দমন করতে প্রতিশ্রুতিবদ্ধ। 'কবে থেকে এই অভিযান শুরু হবে' জানতে চাইলে তিনি জানান, 'এটা এখন থেকেই শুরু হচ্ছে।'

## জামায়াত

মন্ত্রিপরিষদ ও প্রধানমন্ত্রীর সঙ্গে অবশ্যই বিরোধী দলের প্রধান বা উপনেতার মতামত নেওয়া জরুরি। এর পরেই রাষ্ট্রপতি অধ্যাদেশ জারি করবেন। বিদ্যমান আইন অনুসারে জরুরি অবস্থা ঘোষণা করেন রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী স্বাক্ষর করেন। তবে ডাঃ তাহের বলেন, মন্ত্রিপরিষদের বৈঠকে বিরোধী দলীয় নেতার মতামত নেওয়া উচিত। যদি বিরোধী দলীয় প্রধান অনুপস্থিত থাকেন, তাহলে উপনেতার মতামত গ্রহণ করা হবে। সংসদ কার্যকর না থাকলে সর্বশেষ নির্বাচিত সংসদের সরকার ও প্রধান বিরোধী দলের সঙ্গে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া প্রয়োজন। তিনি আরও বলেন, আইনের অপব্যবহার হলেও বিরোধী দল প্রতিবাদ করার অধিকার রাখবে এবং নাগরিকদের মৌলিক অধিকার রক্ষায় সব পক্ষ একমত রয়েছে। জামায়াত প্রধান বিচারপতির পদে আপিল বিভাগের জ্যেষ্ঠ বিচারপতাকেই দেখতে চায়। যদিও কয়েকটি দলের দাবি, প্রধান বিচারপতিকে দুই বা তিন সদস্যের প্যানেল থেকে নির্বাচন করা হবে। ডাঃ তাহের আশঙ্কা প্রকাশ করেন, এতে ফ্যাসিবাদী গোষ্ঠী বা রাজনৈতিক হস্তক্ষেপের সুযোগ সৃষ্টি হতে পারে। এই বিষয়ে এখনো কোনো চূড়ান্ত সমঝোতায় পৌঁছানো যায়নি। তত্ত্বাবধায়ক সরকার বিষয়ে আলোচনা চলমান রয়েছে; তবে জামায়াত এটিকে প্রাতিষ্ঠানিক রূপ দেয়ার পক্ষে।

## ডঃ আলী রীয়াজ

সময়সীমা সীমিত, তাই আগামী ৩০ জুলাইয়ের মধ্যে এ প্রক্রিয়া শেষ করার লক্ষ্যেই কাজ চলছে। রোববার সকালে রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে রাজনৈতিক দলগুলোর সঙ্গে দ্বিতীয় দফার ১২তম দিনের আলোচনার শুরুতে দেওয়া বক্তব্যে তিনি এসব কথা বলেন। এদিন আলোচ্য সূচিতে ছিলড় জরুরি অবস্থা ঘোষণা, প্রধান বিচারপতি নিয়োগ এবং তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা। আলোচনার শুরুতেই ডঃ আলী রীয়াজ বলেন, "আমরা এই সপ্তাহে তিনটি দিন সংলাপ চালাব। এর মধ্যেই আমরা বড় ধরনের অগ্রগতি অর্জন করতে চাই। আমাদের লক্ষ্য হচ্ছে জুলাই মাসের মধ্যেই একটি যৌক্তিক জায়গায় পৌঁছানো, যা শহীদদের প্রতি আমাদের দায়িত্ব পালনের অংশ হিসেবে বিবেচিত হবে।" তিনি বলেন, "যারা সংলাপে অংশ নিচ্ছেন, তারা ইতোমধ্যেই দেখিয়েছেন যে তারা আন্তরিকভাবে সংস্কার প্রক্রিয়া ও রাজনৈতিক ভবিষ্যৎ পথরেখা তৈরিতে আগ্রহী। এটি গণতান্ত্রিক সংস্কৃতির জন্য অত্যন্ত ইতিবাচক বার্তা।" ডঃ রীয়াজ স্পষ্ট করে বলেন, "আমরা প্রক্রিয়াকে দীর্ঘায়িত করতে চাই না। প্রক্রিয়ার বিলম্বের কারণে সাংগঠনিক প্রস্তুতি ও নির্বাচনে অংশগ্রহণের বিষয়গুলো বাধাগ্রস্ত হচ্ছে, সেটিও আমাদের বিবেচনায় রয়েছে। তাই আমরা ৩০ জুলাইয়ের মধ্যে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের ধাপ শেষ করতে চাই।" তিনি আরও জানান, তিনটি গুরুত্বপূর্ণ ইস্যুড় প্রধান বিচারপতি নিয়োগ, জরুরি অবস্থা ঘোষণা এবং তত্ত্বাবধায়ক সরকারড় এই মুহূর্তে আলোচনার কেন্দ্রে রয়েছে। ইতোমধ্যে কিছু বিষয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে মৌলিক ঐকমত্য সৃষ্টি হয়েছে, আর কিছু বিষয়ে অবস্থান প্রায় কাছাকাছি। "আজকের আলোচ্য বিষয়গুলোর মধ্যে দুটি, অর্থাৎ প্রধান বিচারপতি নিয়োগ ও জরুরি অবস্থা ঘোষণা, নিয়ে আমরা আগের কয়েকদিনে গুরুত্বপূর্ণ অগ্রগতি অর্জন করেছি," বলেন ডঃ রীয়াজ। সংলাপের লক্ষ্য যে শুধু আলোচনা নয়, বরং একটি জাতীয় সনদ প্রণয়ন করাড়এ কথাও আবারও স্পষ্ট করেন আলী রীয়াজ। তিনি বলেন, "আমরা চাই একটি বাস্তবভিত্তিক, সময়োপযোগী ও সম্মতিপূর্ণ জাতীয় সনদ গঠিত হোক। জনগণ সংলাপ প্রত্যক্ষ করছে এবং একটি নির্দিষ্ট গন্তব্যের দিকে এগিয়ে যাওয়ার প্রত্যাশা করছে।" তিনি রাজনৈতিক দলগুলোর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, "আপনারা নিয়মিত আলোচনা সভায় অংশ নিচ্ছেন এবং সংস্কারের জন্য সক্রিয়ভাবে মতামত দিচ্ছেন। এটি প্রমাণ করে, সবাই দেশের ভবিষ্যৎ নিয়ে আন্তরিক।" জাতীয় ঐকমত্য কমিশন দেশের বর্তমান রাজনৈতিক সংকট নিরসনে একটি যৌথ ভিত্তিক সংলাপের আয়োজন করছে। এই সংলাপে বিভিন্ন রাজনৈতিক দল অংশ নিচ্ছে এবং রাষ্ট্রীয় মৌলিক কিছু কাঠামোগত বিষয় নিয়ে আলোচনা হচ্ছে। লক্ষ্যড় একটি গ্রহণযোগ্য নির্বাচন ও শান্তিপূর্ণ ক্ষমতা হস্তান্তরের পথনকশা তৈরি করা।

## ১৪ জুলাই : দাবি আদায়ে রাষ্ট্রপতি

প্রদানের কর্মসূচি ঘোষণা দেয়। পূর্বঘোষিত পদযাত্রার কর্মসূচিতে অংশ নিতে বেলা ১১টা থেকেই রাজধানীর বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে জড়ো হতে থাকেন। বেলা ১২টায় সেখান থেকে পদযাত্রা শুরু করেন শিক্ষার্থীরা। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ঘুরে পদযাত্রাটি শাহবাগ, মৎস্য ভবন এলাকা হয়ে হাইকোর্টের সামনে আসলে পুলিশ শিক্ষার্থীদের বাধা দেয়।

আন্দোলনকারীরা জাতীয় প্রেসক্লাবের সামনের সড়ক দিয়ে বঙ্গভবন যাওয়ার চেষ্টা করলে পুলিশ ব্যারিকেড দিয়ে গতিরোধ করার চেষ্টা করে। সেখানে কিছুক্ষণ অবস্থান ও স্লোগান শেষে শিক্ষার্থীরা ব্যারিকেড ভেঙে সামনের দিকে অগ্রসর হন। এরপর পদযাত্রা নিয়ে শিক্ষার্থীরা গুলিস্তান জিরো পয়েন্টে পৌঁছালে পুলিশ আবারও ব্যারিকেড দিয়ে শিক্ষার্থীদের আটকে দেয়। সামনে অগ্রসর হতে না পেরে আন্দোলনকারীরা সেখানেই বসে পড়েন। একপর্যায়ে দুপুর ১টা ৪০ মিনিটের দিকে জিরো পয়েন্টের ব্যারিকেড ভেঙে বঙ্গভবনের দিকে অগ্রসর হন শিক্ষার্থীরা।

শিক্ষার্থীরা সামনে অগ্রসর হয়ে গুলিস্তান পাতাল মার্কেটের কাছে পৌঁছালে পুলিশ ফের তাদের গতিরোধ করে। সেখানে পুলিশের একটি সাঁজোয়া যান প্রস্তুত রাখা হয়। এ সময় রাস্তা ব্লক ও বৃষ্টি উপেক্ষা করে হাজারো শিক্ষার্থী সেখানে অবস্থান নিয়ে স্লোগান দিতে থাকেন। সেখানে এপিসি কার ও জলকামান নিয়ে শত শত পুলিশ সদস্য প্রস্তুত রাখা হয়।

পরে বেলা আড়াইটার দিকে আন্দোলনকারীদের পক্ষ থেকে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ১২ সদস্যের একটি প্রতিনিধিদল বঙ্গভবনে রাষ্ট্রপতির কার্যালয়ে যান। প্রতিনিধিদল রাষ্ট্রপতির সামরিক সচিবের কাছে স্মারকলিপি জমা দেন। বিকাল ৩টার দিকে তারা বঙ্গভবন থেকে বেরিয়ে আসেন।

স্মারকলিপিতে শিক্ষার্থীরা উল্লেখ করেন, ২০১৮ সালে শিক্ষার্থীদের গণ-আন্দোলনের পরিপ্রেক্ষিতে সরকারি চাকরিতে (নবম থেকে ত্রয়োদশ গ্রেড) কোটা পদ্ধতি বিলুপ্ত করা হয়। ওই বছরের ৪ অক্টোবর জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ বিষয়ে পরিপত্র জারি করা হয়। কিন্তু সেই পরিপত্রে দেশের শিক্ষার্থীদের আশা-আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটেনি। কারণ, শিক্ষার্থীরা সব গ্রেডের সরকারি চাকরিতে কোটার যৌক্তিক সংস্কার চেয়েছিল। তাই শিক্ষার্থীদের দাবি-সরকারি চাকরিতে সব গ্রেডে অযৌক্তিক ও বৈষম্যমূলক কোটা বাতিল করে সংবিধানে উল্লিখিত অনগ্রসর গোষ্ঠী ও বিশেষ চাহিদাসম্পন্নদের জন্য কোটাকে ন্যায্যতার ভিত্তিতে ন্যূনতম পর্যায়ে (সর্বোচ্চ ৫%) এনে সংসদে আইন পাশ করে কোটা পদ্ধতিকে সংস্কার করতে হবে।

স্মারকলিপি প্রদান শেষে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অন্যতম সমন্বয়ক নাহিদ ইসলাম বলেন, 'স্মারকলিপিতে আমরা মহামান্য রাষ্ট্রপতির কাছে ২৪ ঘণ্টার একটি সুপারিশ করেছি। ২৪ ঘণ্টার মধ্যে সংসদে অধিবেশন ডেকে আমাদের এক দফা দাবি বাস্তবায়নে কার্যকর ব্যবস্থা নেওয়া হোক। ২৪ ঘণ্টার মধ্যে আমরা এ বিষয়ে দৃশ্যমান পদক্ষেপ দেখতে চাই। আন্দোলনকারীদের বিরুদ্ধে মামলার বিষয়ে নাহিদ বলেন, 'আমরা বলেছিলাম, ২৪ ঘণ্টার মধ্যে আমাদের বিরুদ্ধে অজ্ঞাতনামা মামলা প্রত্যাহার করতে হবে। এটি আমরা আরও ২৪ ঘণ্টা বাড়িয়ে দিচ্ছি। এর মধ্যে মামলা প্রত্যাহার করা না হলে, আমাদের কর্মসূচি আরও কঠোর হবে। নাহিদ ইসলামের বক্তব্যের পর বেলা সাড়ে তিনটার দিকে আন্দোলনকারীদের একটি অংশ মিছিল নিয়ে তাঁতীবাজার হয়ে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দিকে চলে যায় এবং আরেক অংশ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে চলে যায়। এদিকে ১৪ জুলাই চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা দুপুর ১টায় চট্টগ্রামের অতিরিক্ত জেলা প্রশাসকের (রাজস্ব) কাছে স্মারকলিপি জমা দেন। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকৃবি) শিক্ষার্থীরা বিকেল ৩টায় ময়মনসিংহ জেলা প্রশাসক কার্যালয়ে স্মারকলিপি দেন। এ সময়ে আনন্দ মোহন সরকারি কলেজসহ বিভিন্ন কলেজের শিক্ষার্থীরা আলাদাভাবে স্মারকলিপি প্রদান করেন। শহরের পুলিশ লাইন্স থেকে বেলা ১১টায় পদযাত্রা নিয়ে জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে স্মারকলিপি দেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।